

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১০১.১০১.২০১৬-৯৮৫


তারিখ : ২৭ শ্রাবণ, ১৪২৩  
১১ আগস্ট ২০১৬

প্রজ্ঞাপন

উপজেলা পরিষদ (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ এর ১৮নং বিধি অনুযায়ী উপজেলা পরিষদ তহবিল উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক যৌথভাবে পরিচালনা করার বিধান রয়েছে। ইতোমধ্যে খাগড়াছড়ি পার্বত্য জেলার মাটিরাঙ্গা, মহালছড়ি, রামগড় উপজেলাকে পুনর্বিन্যাস করে মোট ৩টি ইউনিয়ন পরিষদের সমন্বয়ে 'গুইমারা' উপজেলা সৃষ্টি/গঠন করা হয়। অদ্যাবধি উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠিত হয়নি বিধায় আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা সম্ভব হচ্ছে না।

০২। উক্ত প্রেক্ষাপটে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ -এর ৭২ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার খাগড়াছড়ি পার্বত্য জেলার নবগঠিত 'গুইমারা' উপজেলার নির্বাচনালয়ে পরিষদ গঠনসহ নির্বাচিত চেয়ারম্যান কর্তৃক কার্যভার গ্রহণ না করা বা পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত উক্ত উপজেলা পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি-এর অর্থ উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী-এর যৌথ স্বাক্ষরে উত্তোলন ও ব্যয়ের ক্ষমতা প্রদান করিল।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।


  
( মোঃ মাহাবুবুর রহমান )  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৭৭২৩০

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১০১.১০১.২০১৬-৯৮৫/১(১৩)

তারিখ : ২৭ শ্রাবণ, ১৪২৩  
১১ আগস্ট ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. উপজেলা নির্বাহী অফিসার, গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা/ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গুইমারা।
১২. উপজেলা প্রকৌশলী, গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৩. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।

  
( মোঃ মাহাবুবুর রহমান )  
উপ-সচিব